দৈনিক বাংলা

C15

তারিখ 02 FEB 1988
পৃষ্ঠা ... কলাম ...

চট্টগ্রাম ভার্সিটি খোলার নির্দেশ বাতিল

(স্টাফ রিপোর্টার)

চট্টগ্রাম, ১লা ফেব্রুয়ারী।- আগামীকাল থেকে চট্টগ্রাম বিশ্ব বিদ্যালয় খুলে দেয়া হবে বলে আজ দুপুর সাড়ে বারোটায় ঘোষণা করার পর বেলা দুইটায় ভার্সিটি পুনরায় বন্ধ ঘোষণার কথা

(শেষ পৃঃ ৪ এর কঃ দ্রঃ)

চট্টগ্রাম ভার্সিটি

(১ম পৃঃ পর)

জানানো হয়েছে।

আজ বেলা এগারোটায় চট্টগ্রাম ভার্সিটি সিন্ডিকেটের সভা অনুষ্ঠিত হবার কথা ছিল। নির্ধারিত সময়ের এক ঘন্টা আগে ভাইস-চ্যান্সেলর অধ্যাপক মোহাম্মদ আলী সভা স্থগিত ঘোষণা করেন।

বিশ্ববিদ্যালয়ের উপ-রেজিস্ট্রার (তথ্য) স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়। আজ সকালে একদল সশস্ত্র যুবক ভাইস চ্যান্সেলরের বাসভবনে হামলা চালিয়ে দরজা জানালা ভাংচুর করে এবং একটি পটকার বিস্ফোরণ ঘটায়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, উচ্ছৃংখল যুবকরা এক পর্যায়ে আগামীকাল থেকে ক্লাস ও হল খুলে দেয়ার লিখিত নির্দেশ জারি করার জন্য ভাইস-চ্যান্সেলরকে বাধ্য করে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ভয়ভীতি ও চাপের মুখে দেয়া এই নির্দেশ ভাইস-চ্যান্সেলর চ্যান্সেলরের নির্দেশে বাতিল ঘোষণা করেছেন।

এদিকে, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবদুর রশিদ এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানান, বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার ব্যাপারে আজ বেলা সাড়ে বারোটায় তিনি ভাইস-চ্যান্সেলরের নির্দেশ পান। নির্দেশটি তিনি ভাইস-চ্যান্সেলরের বাসভবনে আগত প্রায় দুই হাজার ছাত্র-ছাত্রীর সামনে পড়ে শোনান।

রেজিস্ট্রার জানান, পরে তিনি দশটি ছাত্র সংগঠনের নেতাদের সঙ্গে ক্যাম্পাসে যান এ ব্যাপারে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করার জন্য।

রেজিস্ট্রার বলেন বেলা দুইটায় ভাইস-চ্যান্সেলর তাকে টেলিফোনে জানান, বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলরের নির্দেশে তিনি (ভাইস-চ্যান্সেলর) তার পূর্ববর্তী নির্দেশ বাতিল করছেন।

ভার্সিটি শিক্ষক সমিতি ভাইস চ্যান্সেলরের এধরনের অগণতান্ত্রিক ও অবাস্তব সিদ্ধান্ত চাপিয়ে দেয়ার নিন্দা করেছেন।

অপর দিকে, ভার্সিটি শিক্ষক পরিষদ, বাংলাদেশ ইসলামী ছাত্র শিবির সাধারণ ছাত্র আন্দোলন পরিষদ পৃথক পৃথক বিবৃতিতে তাদের ভাষায় কিছু সংখ্যক উচ্ছৃংখল ছাত্র কর্তৃক ভাইস-চ্যান্সেলরের বাসভবন ঘেরাও ও অস্ত্রের মুখে ভার্সিটি খুলে দেয়ার নির্দেশ আদায়ের ঘটনার নিন্দা করেছেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট সদস্য অধ্যাপক ফজলে হোসেন, অধ্যাপক হায়াত হোসেন এবং অধ্যাপক আফতাব আহমেদ ভাইস-চ্যান্সেলরের ঘন ঘন সিদ্ধান্ত পরিবর্তনের নিন্দা